

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০২৩৫

তারিখ : ১২ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ
২৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত




ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আওতাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে দ্বিতীয় কোয়ার্টারের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ ১২ ডিসেম্বর ২০২৩ তারিখ (মঙ্গলবার) সকাল ০৯.০০ টায় বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে ১ম ব্যাচের দিনব্যাপী এ কর্মশালার আয়োজন করা হয়। আয়োজিত কর্মশালায় কর্মকর্তাদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

দিনব্যাপী আয়োজিত প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ বলেন, প্রাতিষ্ঠানিক কর্মকাণ্ডের স্বচ্ছতা, দায়বদ্ধতা এবং দক্ষতা বৃদ্ধি, জবাবদিহিতা নিশ্চিত ও কাজের গতিশীলতা আনয়নে সর্বোপরি প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বদ্ধপরিকর। তিনি বলেন, আজকের এ প্রশিক্ষণের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকলে এ বিষয়ে আরো সচেতন হবেন। এছাড়াও সুশাসন প্রতিষ্ঠাসহ সরকার ঘোষিত রূপকল্পগুলোর বাস্তবায়নে ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ ভূমিকা রাখবেন বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

প্রশিক্ষণ কর্মশালায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার জনাব এস. এম. এহসান কবীর এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর সম্মানিত সচিব ড. ফেরদৌস জামান। এছাড়াও কর্মশালায় প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এ. কে. এম. আক্তারুজ্জামান, ইউজিসি'র উপ-পরিচালক, জনাব বিষু মল্লিক ও মৌলি আজাদ এবং এটুআই প্রোগ্রাম ইনোভেশন এক্সপার্ট জনাব তৌফিকুর রহমান। কর্মশালার সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম।

এ সময় সম্মানিত আলোচকবৃন্দ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের উদ্দেশ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), জাতীয় শুদ্ধাচার কৌশল এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা করেন।


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।